



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৬৩  
প্রেরকঃ মোঃ আবু ইব্রাহিম  
সিনিয়র সহকারী সচিব (আইন-১)

তারিখঃ ৩০ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

প্রাপকঃ রেজিস্ট্রার জেনারেল  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

**বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচনকালীন সময়ে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)”-এর কর্মকর্তাগণের বিচারিক কাজের মূল্যায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ আসনে সংসদ সদস্য নির্বাচনের নিমিত্ত নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে এতদ্বারা অফিস আদেশ জারী তারিখ হতে নির্বাচনের ফলাফল গেজেটে প্রকাশ পর্যন্ত সময়ের জন্য “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” গঠন করা হয়েছে। নির্বাচনি তদন্ত কমিটির কর্মকর্তাগণকে সার্বক্ষণিকভাবে উক্ত নির্বাচনের তদন্ত কাজে ব্যস্ত থাকার কারণে তাঁদের পক্ষে গেজেটে উল্লিখিত সময়ে পর্যাপ্ত সংখ্যক মোকদ্দমা নিষ্পত্তি করা সম্ভব নাও হতে পারে।

২। এমতাবস্থায়, উক্ত নির্বাচনকালীন সময়ে নির্বাচনি তদন্ত কমিটির কর্মকর্তাগণের নির্বাচনি দায়িত্ব পালনের বিষয়টি বিবেচনায় নিয়ে বিচারিক কাজ হিসাবে মূল্যায়ন করার নিমিত্ত নির্বাচন কমিশনের নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

বিনীত

(মোঃ আবু ইব্রাহিম)  
সিনিয়র সহকারী সচিব (আইন-১)  
ফোন: ০২-৫৫০০৭৫৪৩

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৬৩

তারিখঃ ৩০ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা ও দায়রা জজ, .....(সংশ্লিষ্ট)

০৩। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)

০৪। যুগ্ম জেলা ও দায়রা জজ ও চেয়ারম্যান, নির্বাচনি তদন্ত কমিটি.....(সংশ্লিষ্ট)

০৫। সহকারী জজ ও সদস্য, নির্বাচনি তদন্ত কমিটি.....(সংশ্লিষ্ট)

(মোঃ আবু ইব্রাহিম)  
সিনিয়র সহকারী সচিব (আইন-১)  
ফোন: ০২-৫৫০০৭৫৪৩

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd